

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা

বিষয়ঃ নভেম্বর-২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ কায়কোবাদ হোসেন সচিব
সভার তারিখ	২৯.১১.২০১৭ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অক্টোবর-২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণের প্রস্তাব উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সকলেই একমত পোষণ করেন। অতঃপর অক্টোবর-২০১৭ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

খাদ্য মন্ত্রণালয়

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. খাদ্য মন্ত্রণালয়ের শূন্য পদে জনবল নিয়োগ	যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভায় জানান যে, ৩য় ও ৪র্থ শ্রেণির মোট শূন্য পদের সংখ্যা ২৮টি। জনবল নিয়োগে ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি বিভিন্ন পত্রিকায় প্রচার করা হয়েছে। প্রচারের প্রথম দিন হতে ২৬.১১.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত প্রায় ৩২ হাজারের মত আবেদন পাওয়া যায়। আবেদনের সর্বশেষ তারিখ ২৮ নভেম্বর, ২০১৭ পর্যন্ত নির্ধারিত রয়েছে।	নিয়োগ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।	যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয়
২. ইন হাউজ প্রশিক্ষণ	সভায় জানানো হয় যে, APA তে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীগণকে ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। ই-ফাইল বিষয়ে বিশেষ প্রশিক্ষণসহ অক্টোবর-২০১৭ মাসে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরীতে মোট ২০৯ জন কর্মকর্তা/ কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন-হাউজ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হয়।	ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে।	যুগ্ম-সচিব (প্র-১), খাদ্য মন্ত্রণালয়

<p>৩. শাখা পরিদর্শন</p>	<p>নভেম্বর-২০১৭ মাসে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), যুগ্ম-সচিব (অভ্যঃ প্রশাঃ-২), যুগ্ম-সচিব (অভ্যঃ সংগ্রহ), উপ-সচিব (অডিট-৩), উপ-প্রধান (পরিকল্পনা), সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), সহকারী প্রধান (পরিকল্পনা-২) এবং সহকারী প্রকৌশলী শাখা পরিদর্শন করা হয়েছে। সিদ্ধান্ত/নির্দেশমত পরিদর্শন না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। প্রতিটি শাখা পরিদর্শনপূর্বক পরিদর্শনকালীন প্রাপ্ত অনিয়ম/ত্রুটিসমূহ সংশোধনের লক্ষ্যে শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।</p>	<p>নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং সচিবালয় নির্দেশমালা ১৯৭ অনুসরণ করতে হবে।</p>	<p>সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয়</p>
<p>৪. ই-ফাইলিং</p>	<p>সভায় আলোচনা হয় যে, ই-ফাইলিং এ কাজের পরিমাণ বৃদ্ধি পেয়ে ৫৬টি মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে বর্তমানে এ মন্ত্রণালয়ের অবস্থান ৩৩ থেকে ২০তম। ই-ফাইল পদ্ধতিতে কাজের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সচিব সন্তোষ প্রকাশ করেন। বিস্তারিত আলোচনাশেষে সকল ক্ষেত্রে ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ের সকল প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তাগণকে অধিকতর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন।</p>	<p>ই-ফাইল ব্যবহার নিশ্চিতকরণের জন্য মন্ত্রণালয়ের সকল প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তাকে অধিকতর প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে</p>	<p>যুগ্ম-সচিব (প্রশাঃ-১) এবং প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়।</p>

৫. অডিট আপত্তি
নিষ্পত্তি

যুগ্ম-সচিব (অডিট) সভায় জানান যে, যুগ্ম-সচিব (অডিট) অক্টোবর মাসে ১টি ত্রিপক্ষীয় সভা করেছেন। যুগ্ম-সচিব (বাজেট ও অডিট), উপ-সচিব (অডিট-৩) এবং উপ-সচিব (বাজেট ও হিসাব) কোন সভা করেননি।

এছাড়া, যুগ্ম-সচিব (অডিট) সভাকে জানান যে, অক্টোবর, ২০১৭ মাসে ০৮টি আপত্তির নিষ্পত্তি আদেশ জারি করা হয়েছে। অডিট অধিশাখা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী অগ্রিম, খসড়া ও সংকলনভুক্ত অডিটের তথ্য নিম্নে দেখানো হলোঃ

(ক) অগ্রিম

বিবরণ	সেপ্টেম্বর - ২০১৭	অক্টোবর- ২০১৭
প্রারম্ভিক আপত্তি -----	২৮৪১	২৮৪৫
সংযোজিত আপত্তি ---	১৩	২৩
মোট আপত্তি ---	২৮৫৪	২৮৬৮
নিষ্পত্তিকৃত (জারিপত্র)	১০	০৮
অবশিষ্ট আপত্তি ---- -	২৮৪৪	২৮৬০
ব্রডশিট জবাব ---- -	১৩	১১
ত্রিপক্ষীয় সভা -----	০০	০১
আলোচিত আপত্তি ---	০০	২১
নিষ্পত্তির সুপারিশ ---	০০	১৭

(খ) খসড়া-৭৬৩টি

(গ) সংকলনভুক্ত-৫৮০টি

সভা অনুষ্ঠানসহ
অডিট আপত্তি
নিষ্পত্তির ধারা
অব্যাহত রাখতে
হবে।

যুগ্ম-সচিব
(বাজেট ও অডিট), যুগ্ম-সচিব
(প্রশাঃ-১),
যুগ্ম-সচিব
(অডিট), উপ-সচিব
(অডিট-১ ২
৩), খাদ্য
মন্ত্রণালয়
ও মহাপরিচালক,
খাদ্য অধিদপ্তর

<p>৬. পরিষ্কার পরিচ্ছন্নতা</p>	<p>উপ-সচিব (সেবা) সভাকে অবহিত করেন যে, জুলাই, ২০১৭ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপ-সচিব (সেবা) কর্তৃক নির্বাহী প্রকৌশলী ইডেন ভবন, গণপূর্ত বিভাগকে কমন ওয়াশরুম এবং অন্যান্য কক্ষের স্পেসসমূহ পরিষ্কারের জন্য অনুরোধ করা হয়। ওয়াশরুমসমূহ পরিষ্কারকরণে কাঙ্ক্ষিতমানে উন্নীত হয়নি। ওয়াশরুমসহ কমন স্পেসসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।</p>	<p>ওয়াশরুমসহ কমন স্পেসসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p>	<p>উপ-সচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয়।</p>																																								
<p>৭. অভিযোগ ব্যবস্থাপনা</p>	<p>খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিভিন্ন কর্মকর্তা/ ব্যক্তির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তথ্য নিম্নরূপঃ</p> <table border="1" data-bbox="470 817 941 1220"> <thead> <tr> <th>জের</th> <th>বর্তমান মাসে প্রাপ্ত</th> <th>মোট অভিযোগ</th> <th>নিষ্পত্তির সংখ্যা</th> <th>অনিষ্পন্ন সংখ্যা</th> <th>তিন মাসের উপরে</th> <th>ছয় মাসের উপরে</th> <th>তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা</th> </tr> </thead> <tbody> <tr> <td colspan="8">খাদ্য মন্ত্রণালয়</td> </tr> <tr> <td>০৭</td> <td>০২</td> <td>০৯</td> <td>০৪</td> <td>০৫</td> <td>-</td> <td>০২</td> <td>০৩</td> </tr> <tr> <td colspan="8">খাদ্য অধিদপ্তর</td> </tr> <tr> <td>০৭</td> <td>০২</td> <td>০৯</td> <td>০৪</td> <td>০৫</td> <td>-</td> <td>০২</td> <td>০৩</td> </tr> </tbody> </table>	জের	বর্তমান মাসে প্রাপ্ত	মোট অভিযোগ	নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন সংখ্যা	তিন মাসের উপরে	ছয় মাসের উপরে	তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা	খাদ্য মন্ত্রণালয়								০৭	০২	০৯	০৪	০৫	-	০২	০৩	খাদ্য অধিদপ্তর								০৭	০২	০৯	০৪	০৫	-	০২	০৩	<p>মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরের অভিযোগের সংখ্যা আলাদা দেখাতে হবে।</p>	<p>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয় ও পরিচালক (প্রশাসন), খাদ্য অধিদপ্তর</p>
জের	বর্তমান মাসে প্রাপ্ত	মোট অভিযোগ	নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন সংখ্যা	তিন মাসের উপরে	ছয় মাসের উপরে	তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা																																				
খাদ্য মন্ত্রণালয়																																											
০৭	০২	০৯	০৪	০৫	-	০২	০৩																																				
খাদ্য অধিদপ্তর																																											
০৭	০২	০৯	০৪	০৫	-	০২	০৩																																				
<p>৮. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন</p>	<p>যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, প্রণীত কর্মপরিকল্পনা চূড়ান্ত করে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সচিব নির্দেশ প্রদান করেন।</p>	<p>কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</p>	<p>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়</p>																																								

<p>৯. APA ২০১৭-২০১৮ বাস্তবায়ন</p>	<p>সভায় জানানো হয়ে যে, ২০১৭-২০১৮ সালের জন্য স্বাক্ষরিত APA এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। এছাড়া, APA নির্ধারিত সময় অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। APA এর লক্ষ্যমাত্রা বেশ কয়েকটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও সূচকের মান পুনর্বিদ্যাস করে চলতি অর্থ বছরের ১ম কোয়ার্টারের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে সংশোধিত APA প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে</p>	<p>যুগ্ম-সচিব (প্রশাঃ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়</p>
<p>১০. আইন ভাষান্তর</p>	<p>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী খাদ্য অধিদপ্তরের বিদ্যমান আইন ২টি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ‘বাংলা ভাষা বাস্তবায়ন কোষ’ হতে প্রমিতীকরণের পর ভেটিংয়ের জন্য ১২.১০.২০১৭ খ্রি. তারিখে লেজিসলেটিভ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে কিছু নির্দেশনা দিয়ে আইন ২টি এ মন্ত্রণালয়ে ফেরত পাঠানো হয় মর্মে যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভাকে অবহিত করেন।</p>	<p>আইন ২টির বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয়</p>
<p>১১. ইনোভেশন কার্যক্রম</p>	<p>যুগ্ম-সচিব (প্রশাসন-১) সভায় জানান যে, এ মন্ত্রণালয়ে ইনোভেশনের জন্য আগামী ৩-৭ ডিসেম্বর, ২০১৭ মাসে খাদ্য অধিদপ্তরের নিজস্ব ভবনে ৫দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে মর্মে সভায় যুগ্ম-সচিব (প্রশাঃ-১) জানান। সচিব মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে এ বিষয়ে সকল প্রকার সহযোগিতা প্রদান অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	<p>এ বিষয়ে সকল প্রকার সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে হবে।</p>	<p>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর ও যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয়</p>
<p>বিবিধ-১</p>	<p>খাদ্য মন্ত্রণালয়ের কর্মবন্টন পুনর্বিদ্যাসের জন্য গঠিত কমিটির আহবায়ক যুগ্ম-সচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন যে, কমিটির প্রথম সভা ১৮.০৯.২০১৭ খ্রি. ও দ্বিতীয় সভা ১২.১০.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই তৃতীয় ও শেষ সভা অনুষ্ঠিত হবে মর্মে সভাকে অবহিত করেন। অর্পিত দায়িত্ব দ্রুত সম্পন্ন করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন।</p>	<p>কমিটি দ্রুত রিপোর্ট প্রদান করতে হবে।</p>	<p>যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয়</p>

বিবিধ-২	<p>মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিতকরণের জন্য সচিব সভায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের বাস্তবায়ন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ত্রৈমাসিক প্রতিবেদন, মাসিক কর্মকান্ডের প্রতিবেদন, জাতীয় সংসদের প্রশ্নোত্তর এবং স্থায়ী কমিটির সভার কার্যপত্র যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সচিব মহোদয় নির্দেশ প্রদান করেন। বিশেষতঃ মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ২০ তারিখের প্রেরণ নিশ্চিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>সকল প্রতিবেদন যথা-সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ২০ তারিখের প্রেরণ নিশ্চিত করতে হবে।</p>	<p>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মহাপরিচালক, এফপিএমউই এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা</p>
	খাদ্য অধিদপ্তর		
<p>১. অভ্যন্তরীণ খাদ্য শস্য সংগ্রহ</p>	<p>বোরো সংগ্রহ-২০১৭ সভায় অবহিত করা হয় যে, বোরো-২০১৭ মৌসুমে এফপিএমসি'র সভার সিদ্ধান্ত অনুযায়ী ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন, সিদ্ধ চাল ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন এবং আতপ চাল ১.০০ (এক) মেট্রিক টন। ধানের সংগ্রহ মূল্য ২৪/-, সিদ্ধ চাল ৩৪/- ও আতপ চালের মূল্য ৩৩/- টাকা। সভায় জানানো হয় যে, ১৫.১১.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত মিলারগণের সাথে প্রায় ২ লাখ ৮৬ হাজার ৫৯৯ মেট্রিক টন সিদ্ধ এবং ৩৫ হাজার ৭১৬ মেট্রিক টন আতপ চালের চুক্তি করা হয়। ১৫.১১.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ২ লাখ ৭৯ হাজার ৮২০ মেট্রিক টন সিদ্ধ ও ৩৪,৩৫৬ মেট্রিক টন আতপ চাল সংগ্রহ করা হয়েছে। সংগ্রহের সময়সীমা ১৫.১১.২০১৭ খ্রি. তারিখে শেষ হয়েছে।</p>	<p>বোরো সংগ্রহ-২০১৭ গত ১৫.১১.২০১৭ খ্রি. তারিখে শেষ হয়েছে।</p>	<p>মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর</p>


<p>২. খাদ্যশস্য বিতরণ ও বাজার দর মনিটরিং</p>	<p>(ক) ওএমএস খাতে চাল ও আটা বিক্রয়</p> <p>সভায় জানানো হয় যে, ঢাকা মহানগরসহ ঢাকা,নারায়নগঞ্জ,নরসিংদী ও গাজীপুর জেলায় মোট ২৫১টি কেন্দ্রে প্রতিদিন ২ (দুই) মেট্রিক টন করে আটা এবং ১৭.০৯.২০১৭ হতে ১ মেট্রিক টন করে চাল বিক্রয় করা হচ্ছে। এছাড়া হাওড় বেষ্টিত ৩টি জেলায় ১৭৯টি কেন্দ্র এবং অবশিষ্ট ৫৩টি জেলার ৩৭৬টি কেন্দ্রে প্রতিদিন ১ মেট্রিক টন করে চাল বিক্রয় করা হচ্ছে। ২০১৭-২০১৮ অর্থ-বছরে (২১.১০.২০১৭ পর্যন্ত) বিক্রিত চালের পরিমাণ ৮১,৪৯২ মেট্রিক টন। ওএমএস খাতে বরাদ্দকৃত ৪৫,৮৫৫ মেট্রিক টন গমের বিপরীতে ৩৪,৮৯৩ মেট্রিক টন আটা বিক্রয় করা হচ্ছে। বর্তমানে ১২৯৯টি কেন্দ্রে দৈনিক ১ মেট্রিক টন করে চাল বিক্রয় করা হচ্ছে। সর্বোচ্চ ৫০২ মেট্রিক টন আটা এবং ২১০৫ মেট্রিক টন চাল বিক্রয় করা হচ্ছে। ওএমএস কার্যক্রমের উপর যথাযথ নজরদারি নিশ্চিত করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়।</p>	<p>যথাযথ নজরদারি রেখে ওএমএস খাতে আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে</p>	<p>মহাপরিচালক ও পরিচালক (সববি), খাদ্য অধিদপ্তর</p>
	<p>(খ) চাল ও আটার বাজারমূল্য মনিটরিং</p> <p>সভাকে অবহিত করা হয় যে, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিটের মাধ্যমে ঢাকা মহানগরের চাল ও আটার বাজার দর মনিটরিং অব্যাহত আছে। প্রাপ্ত বাজার দর হতে দেখা যায় যে, ঢাকা মহানগরের পাইকারি দরে প্রতিকেজি চাল ৩৮-৩৯ টাকা এবং খুচরা প্রতিকেজি ৪০-৪৩ টাকা। খোলা আটার গড় বাজার দর প্রতিকেজি ২৭-৩০ টাকা।</p>	<p>ঢাকা মহানগরের বাজার দর নিয়মিত পর্যবেক্ষণপূর্বক মনিটরিং অব্যাহত রাখতে হবে।</p>	<p>মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট</p>
	<p>বিভাগীয়/ জেলা ও উপজেলার বাজার দর অনুযায়ী খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায় থেকে নিয়মিত মনিটরিং করা হয়। মনিটরিং এর আওতাধীন এ গড় বাজার দর খুচরা প্রতিকেজি চাল ৩৮.৪৭ টাকা এবং আটা ২৬.৪৬ টাকা।</p>	<p>খাদ্য অধিদপ্তর কর্তৃক মনিটরিং এ প্রাপ্ত বাজার দর সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে</p>	<p>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর</p>

<p>৩. রাজস্ব বাজেটের আওতায় সংস্কার/ মেরামত, ও অন্যান্য নির্মাণ</p>	<p>গুদাম মেরামত পরিচালক (আইডিটিএস) কর্তৃক প্রেরিত তথ্য হতে দেখা যায় যে, রাজস্ব বাজেটে মেরামত/ সংস্কার এর আওতাধীন ৬২টি কাজের মধ্যে ৬০টি সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২টি কাজের সার্বিক অগ্রগতি ৮৫.৫০%। এ সকল কাজের আওতাধীন ১২২টি গুদামের মধ্যে ১১৯টি গুদামের মেরামত/ সংস্কার সমাপ্ত হয়েছে। অন্তর্ভুক্ত গুদামের ধারণক্ষমতা ৭৮ হাজার মেট্রিক টন। অবশিষ্ট ৫টি গুদামের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় নির্দেশ দেয়া হয়।</p>	<p>মেরামতের আওতাধীন অবশিষ্ট ৫টি গুদামের মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</p>	<p>মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর</p>
	<p>অন্যান্য নতুন নির্মাণ ২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৫-২০১৬ সালের সংশোধিত) নির্মাণ কাজ মোট ১৪টির মধ্যে ১০টি কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। অসমাপ্ত ৪টি। সভায় আলোচনা হয় যে, অর্থ বছরের মধ্যে নতুন নির্মাণ কাজ শেষ না হওয়ায় বাজেট প্রভিশন অনুযায়ী বরাদ্দ সাপেক্ষে অবশিষ্ট কাজ ২০১৭-২০১৮ সালে সম্পন্ন করা যাবে।</p>	<p>অবশিষ্ট ৪টি নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।</p>	<p>মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর</p>
<p>৪. মামলা সম্পর্কিত</p>	<p>সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তরের আওতাধীন সকল সংস্থাপনা হতে নিয়মিতভাবে মামলার তথ্য আপডেট করা হচ্ছে। বর্তমানে চলমান মামলার সংখ্যা ১২৯৬টি। হাইকোর্টে চলমান মামলা কার্যতালিকা অনুযায়ী এ.এ.জি./ডি.এ.জি.গণের মাধ্যমে মামলার প্রতিদ্বন্দিতা করা হচ্ছে। বিষয়টিতে ফলোআপ করার জন্য সচিব সভায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, ১২টি কনটেম্পট মামলা চাল আছে। তবে কোর্ট কর্তৃক ২টি নিষ্পত্তি করা হয়েছে মর্মে আইন উপদেষ্টা জানান। এ বিষয়ে যথাযথভাবে অগ্রিম পদক্ষেপ নিতে হবে যাতে সচিব কোন কনটেম্পট মামলার যুগোপযুগী না হতে হয়।</p>	<p>মামলার তথ্য নিয়মিত হালনাগাদসহ মামলার প্রতিদ্বন্দিতার বিষয়ে ফলোআপ করতে হবে।</p>	<p>মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর।</p>
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ			
<p>১. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম</p>	<p>বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান সভাকে অবহিত করেন যে, আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ‘জাতীয় নিরাপদ খাদ্য দিবস’ যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় সকল প্রস্তুতি সম্পন্ন করার জন্য চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে সভাপতি এবং সচিব, বাংলাদেশ</p>	<p>নিরাপদ খাদ্য দিবস সফলভাবে সম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	<p>চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয়।</p>

নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে সদস্য সচিব করে
নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট
সকল স্টেকহোল্ডারদের প্রতিনিধির
সমন্বয়ে ৪৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন
করা
হয়েছে। আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ‘
জাতীয় নিরাপদ খাদ্য দিবস’ উদযাপন
অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের
মাননীয় প্রধানমন্ত্রীকে প্রধান অতিথি হিসেবে
উপস্থিত থাকার জন্য অনুরোধ করা
এবং আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে
দেশে প্রথম বারের মত জাতীয় নিরাপদ খাদ্য
দিবস উদযাপনের আলোচনা অনুষ্ঠান
আয়োজনের জন্য বঙ্গবন্ধু আন্তর্জাতিক
সম্মেলন কেন্দ্রের Hall of Fame বরাদ্দ
না পাওয়ায় কৃষিবিদ ইন্সটিটিউট মিলনায়তনে
অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
‘জাতীয় নিরাপদ খাদ্য
দিবস’ কেন্দ্রীয়ভাবে, বিভাগীয় পর্যায়ে, জেলা
পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে উদযাপনের
লক্ষ্যে রূপরেখা
প্রণয়ন। আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ‘
জাতীয় নিরাপদ খাদ্য দিবস’ উদযাপন
উপলক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকায় কোড়পত্র
প্রকাশ করা
হবে। আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ‘জা
তীয় নিরাপদ খাদ্য দিবস’ হিসেবে উদযাপন
উপলক্ষ্যে ঢাকা শহরকে (বিভিন্ন ফেস্টুন ও
ব্যানার স্থাপন এবং সরকর্ষীপগুলোকে
সাজানোসহ অন্যান্য কার্যক্রমের
মাধ্যমে) সজ্জিতকরণ। আগামি ২ ফেব্রুয়ারি ২
০১৮ তারিখে ‘জাতীয় নিরাপদ খাদ্য
দিবস’ বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে
উদযাপনের লক্ষ্যে একটি পূর্ণাঙ্গ বাজেট
প্রস্তুত। বরাদ্দপ্রাপ্ত কেন্দ্র/মিলনায়তনের
অনুমতিপ্রাপ্তি সাপেক্ষে ‘নিরাপদ খাদ্য মেলা
আয়োজন
করা’ এবং আগামি ২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ
ে ‘জাতীয় নিরাপদ খাদ্য দিবস’ উদযাপন
উপলক্ষ্যে একটি প্রতিপাদ্য নির্ধারণ করে খাদ্য
মন্ত্রণালয়ের প্রয়োজনীয় অনুমোদন প্রাপ্তির
ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানানো
হয়।

২. পেন্ডিং বিষয়	সভায় আলোচনা হয় যে, সচিবালয় নির্দেশমালার ফ্রোডপত্র ২৬ এবং ২৭ অনুসরণ করে পেন্ডিং তালিকা প্রেরণের জন্য সচিব নির্দেশ প্রদান করেন।	মন্ত্রণালয়ের অধিশাখা/ শাখায় সচিবালয় নির্দেশমালার ফ্রোডপত্র ২৬ এবং ২৭ নং অনুসরণে পেন্ডিং তালিকা উপস্থাপন করতে হবে	মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
------------------	--	---	--

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোঃ কায়কোবাদ হোসেন
সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২৪.০৬.০০৫.১৭.৫১

তারিখ: ২৮ অগ্রহাষণ ১৪২৪

১২ ডিসেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৩) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়
- ৫) যুগ্ম সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ৬) উপ সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৮) সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান/ বাজেট অফিসার/ হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়
- ৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়
- ১০) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, কার্যবিবরণী ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১১) সহকারী প্রকৌশলী, খাদ্য মন্ত্রণালয়



শিরীনা দেলহর
যুগ্ম সচিব